ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৬৪৮

আগরতলা, ৩০ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"গন্ডাছড়া মহকুমা হাসপাতালের মেরামতি কাজে ধীরগতি," এই শিরোনামে গত ২৩ আগস্ট, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে গন্ডাছড়া মহকুমা হাসপাতালের তরফ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, গন্ডাছড়া মহকুমা হাসপাতালের রেট্রোফিটিং এর কাজ বর্তমানে চলছে এবং ২০২৪-এর নভেম্বর মাস থেকে কাজটি শুরু হয়েছে। সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে চুক্তি অনুযায়ী কাজ সম্পন্ন করার নির্ধারিত সময় ছিল ১৮ মাস।এর মধ্যে আট মাস ইতিমধ্যেই অতিবাহিত হয়েছে। বর্তমানে হাসপাতালের কয়েকটি কক্ষে সামান্য সংখ্যক শ্রমিক নিয়োগ করে সীমিত পরিসরে মেরামতের কাজ চালানো হচ্ছে। মহকুমা হাসপাতালের স্বাভাবিক পরিষেবা চালু রেখেই একই ভবনের মধ্যে রেট্রোফিটিং এর কাজ পরিচালিত হচ্ছে। নির্ধারিত গাইডলাইন অনুযায়ী সম্পূর্ণ পৃথক কক্ষের অভাবে ইউএসজি মেশিন সচল রাখা সম্ভব হচ্ছে না।তবে, রক্ত সংরক্ষণ ইউনিটের জন্য হাসপাতালের মধ্যে একটি আলাদা কক্ষ বরাদ্দ করা হয়েছে এবং সেটি বর্তমানে কার্যকর অবস্থায় রয়েছে।

******